দৈনিক ইত্তেফাক

তারিখ 20 AUG 1989
পৃষ্ঠা ২ কলাম ৫

## আলিয়া মাদ্রাসা শিক্ষক কাউন্সিলের সভা অনুষ্ঠিত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (শনিবার) আলীয়া মাদ্রাসা শিক্ষক কাউন্সিলের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় মাদ্রাসার ক্লাসসমূহ শুরু করার ব্যাপারে ২৬শে আগষ্ট পুনরায় এক সভা আহ্বান করা হয়। আলীয়া মাদ্রাসাসহ দেশের বিভিন্ন শিক্ষাঙ্গনে সন্ত্রাসের নিন্দা করিয়া দেশের ১১ জন আলেম এক

(শেষ পৃ: ২-এর কঃ দ্রঃ)

### আলীয়া মাদ্রাসা

(১ম পৃঃ পর)

যুক্ত বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে বিভিন্ন শিক্ষাঙ্গনে ছাত্রদল ও ছাত্র শিবিরের সংঘর্ষের ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়া বলা হয়, একটি স্থানীয় ঘটনাকে স্থানীয়ভাবে সীমাবদ্ধ রাখিয়া পারস্পরিক আলোচনার মাধ্যমে প্রতিকার ও প্রতিবিধান করা উচিত ছিল। বিবৃতিতে জাতির বৃহত্তর স্বার্থে শিক্ষার অনুকূল পরিবেশ ফিরাইয়া আনার জন্য সকলকে আহ্বান জানানো হয়। বিবৃতিদানকারী আলেমদের মধ্যে মাওলানা আজীজুল হক, মাওলানা মহিউদ্দিন খান, মাওলানা জহীরুল হক, মাওলানা আবদুল হাই আযাদ, মাওলানা ফজলুর রহমান প্রমুখ রহিয়াছেন।